গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক এর কার্যালয়
শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল
টাঙ্গাইল।
E-mail:shmchtangail@hospi.dghs.gov.bd

স্মারক নং- শেহামেকহা/টাং/২০২৩/৫৬৬ তারিখ- ৩০/০১/২০২৩ইং

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, পার-১ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০১.২০.৬২০ তারিখ-২৩/১১/২০২০ খ্রি এবং স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৪.২২-২৩৯৩ তারিখ-১৯/১২/২০২২ইং মোতাবেক ছাড়পত্র প্রাপ্ত শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, টাঙ্গাইলের অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্ন লিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে নব সৃষ্ট সরাসরি নিয়োগযোগ্য জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী গ্রেড ১১-১৬ (৩য় শ্রেনী) নিম্নবর্ণিত পদ সমূহে নিয়োগের জন্য http://shmcht.teletalk.com.bd এই ওয়েবসাইট ও অনলাইনে আবেদন গ্রহন করা যাচ্ছে। সরাসরি আবেদন কোনক্রমেই গ্রহনযোগ্য নয়।

| ক্রমিক নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাব) গ্রেড-১১, বেতন স্কেল-১২৫০০-৩০২৩০/- | ০৪ (চার) টি | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা। | ক) সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানে নিয়োজিত ও শারীরিক প্রতিবন্ধীগণ এবং খ) সকল জেলা সমূহের প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | মেডিকেল টেকনোলজিষ্ট (ডেন্টাল) গ্রেড-১১, বেতন স্কেল-১২৫০০-৩০২৩০/- | ০১ (এক) টি | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা। | |
| ০৩ | সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর, গ্রেড-১৩, বেতন স্কেল-১১০০০-২৬৫৯০/- | ০১ (এক) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি, বিধিমালা, ২০১০ অনুযায়ী মুদ্রাক্ষরিক যন্ত্রের ব্যবহারের পরিবর্তে কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপে: সাঁটলিপি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ এবং ইংরেজিতে ৮০ শব্দ, এবং কম্পিউটার টাইপিং-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ। | |
| ০৪ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার, গ্রেড-১৪, বেতন স্কেল-১০২০০-২৪৬৮০/- | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি,<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>গ) সাঁটলিপি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দ,<br>ঘ) কম্পিউটার টাইপিং-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ। | |
| ০৫ | ইনস্ট্রুমেন্ট কেয়ার টেকার, গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মেকানিক্যাল ট্রেড এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৬ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬, বেতন স্কেল- ৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ০৭ | ক্যাশিয়ার, গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে বাণিজ্যে দ্বিতীয় বিভাগের উচ্চ মাধ্যমিক/ সমমান পাশ এবং কম্পিউটার এমএস অফিস ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষতা। | |
| ০৮ | লিলেন কিপার, গ্রেড-১৬, বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |

**নিম্নলিখিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী অধিবাসী হতে হবে এবং ২৫-০৩-২০২০ তারিখে আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধ/শহীদ-মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধীর ক্ষেত্রে ২৫-০৩-২০২০ তারিখে বয়সের উর্দ্ধসীমা ৩২ (বত্রিশ) বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে ২৫-০৩-২০২০ তারিখে বয়সের উর্দ্ধসীমা ৩০(ত্রিশ) বছর।

০২। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

০৩। বিধি মোতাবেক সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তি পত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহনযোগ্য হবে না।

চলমান পাতা-২ দ্রঃ

জ. শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে)।

**i. User ID জানা থাকলে:** SHMCHT<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example : SHMCHT HELP USER ABCDEF

**ii. PIN Number জানা থাকলে:** SHMCHT<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example : SHMCHT HELP PIN 12345678

ঝ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যমে থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. পত্রিকা ছাড়াও শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, টাঙ্গাইল এর ও টেলিটকের ওয়েবসাইট http://shmcht.teletalk.com.bdএবং নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি সহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Codeস্ক্যান করে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://shmcht.teletalk.com.bd ওয়েবসাইট এবং নোটিশ বোর্ড হতে জানা যাবে।

ট. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা এ vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ http://www.facebook.com.alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে (Mail এর Subject-এ Organization Name: SHMCHT, Post Name****, Applicant`s User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ. ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পর যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩০/০১/202৬

(অধ্যাপক ডাঃ মোঃ আলী খান)

পরিচালক

শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, টাঙ্গাইল ও

সভাপতি

নিয়োগ কমিটি

৩০/০১/২৬